# প্রসপেক্টাস
# ২০২৬



## আল-মারকাযুল ইসলামী আস-সালাফী
## (মহিলা শাখা)
## المركز الإسلامي السلفي (فرع البنات)
## AL-MARKAZUL ISLAMI AS-SALAFI (WOMEN'S BRANCH)

# প্রসপেক্টাস

## (دليل المدرسة)

# ২০২৬


**আল-মারকাযুল ইসলামী আস-সালাফী**

**(মহিলা শাখা)**

المركز الإسلامي السلفي (فرع البنات)

**Al-Markazul Islami As-Salafi**

**(Women's Branch)**

নওদাপাড়া, পোঃ সপুরা, থানা: শাহ মখদুম, রাজশাহী

মোবাইল : ০১৭১৬-৩৮৯৮৪১ (সেক্রেটারী), ০১৩১৮-৯৬৬০০০

০১৮০৫-৯৫৮৮২৯ (হিসাব রক্ষক); ০১৭২৪-৪৪১৮৬৬

(অফিস সহকারী), ০১৮০৫-৯৫৮৮২৭ (আবাসিক প্রধান)

بسم الله الرحمن الرحيم

**'আল-মারকাযুল ইসলামী আস-সালাফী (মহিলা শাখা)'** দেশের অনন্য বৈশিষ্ট্য সম্পন্ন ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান **'আল-মারকাযুল ইসলামী আস-সালাফী'**-এর মহিলা শাখা। **'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'** পরিচালিত এই প্রতিষ্ঠানটি ২০০৪ সালে 'মহিলা সালাফিইয়াহ মাদ্রাসা' নামে শুরু হয়ে ২০১০ সাল থেকে অত্র মারকাযের অধীনে পৃথক ক্যাম্পাসে পরিচালিত হয়ে আসছে। যা ২০১৭ সাল থেকে **'আল-মারকাযুল ইসলামী আস-সালাফী (মহিলা শাখা)'** নামে অভিহিত হয়। প্রতিষ্ঠাকাল থেকেই অত্র প্রতিষ্ঠানটি যথার্থভাবে ইলমে দ্বীন ও সমকালীন জ্ঞান-বিজ্ঞান শিক্ষাদানে গুরুত্বারোপ করে আসছে। সাথে সাথে যথাযথ অনুশীলনের মাধ্যমে বিশুদ্ধ আক্বীদা ও আমলের প্রসার ঘটানো এবং ইসলামের নামে প্রচলিত ভ্রান্ত আক্বীদা ও আমল সমূহের সংস্কার সাধনের জন্য সাধ্যমত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

## প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য

১. পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের আলোকে শিক্ষাদান।
২. মুহাদ্দেছীনের মাসলাক অনুসরণে ও সালাফে ছালেহীনের বুঝ অনুযায়ী কুরআন ও সুন্নাহ্র যথার্থ ব্যাখ্যা প্রদান।
৩. ধর্মীয় ও সামাজিক কুসংস্কারমুক্ত ইসলামী শিক্ষা ও সংস্কৃতির অনুশীলন ও বিকাশ সাধন।
৪. আল্লাহভীরু যোগ্য আলেমা ও গবেষক সৃষ্টি করা।

## বৈশিষ্ট্য সমূহ

১. শিক্ষার্থীদেরকে নির্ভেজাল তাওহীদ ও ছহীহ সুন্নাহ্র আলোকে চরিত্রবান ও সুন্নাতের পাবন্দ হিসাবে গড়ে তোলা।
২. ইসলামী আদব, আক্বায়েদ ও আহকামের উপর বুনিয়াদী শিক্ষা প্রদান এবং মাসনূন দো'আ সমূহ মুখস্থ করানো।
৩. বাংলা, আরবী, ইংরেজী ও উর্দূ ভাষায় ব্যবহারিক দক্ষতা সৃষ্টি করা।
৪. নিজস্ব চিকিৎসকের মাধ্যমে শিক্ষার্থীদের চিকিৎসার ব্যবস্থা।

৫. প্রাচীরঘেরা নিরাপদ ও মনোরম পরিবেশ, খোলা ময়দান, নিয়মিত খেলাধূলা ও সাংস্কৃতিক কার্যক্রমের ব্যবস্থা।
৬. মেধা বিকাশের জন্য বিভিন্ন উদ্যোগগ্রহণ।
৭. ইয়াতীম শিক্ষার্থীদের সার্বিক ব্যবস্থাপনার জন্য স্বতন্ত্র 'ইয়াতীম বিভাগ'।
৮. আবাসিক শিক্ষার্থীদের জন্য মানসম্মত আবাসন ও আহারের ব্যবস্থা।
৯. মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের জন্য বিশেষ ব্যবস্থা।
১০. স্বতন্ত্র হিফয ও মক্তব বিভাগ।
১১. নিজস্ব সিলেবাস দ্বারা পরিচালিত দুই বছর মেয়াদী 'ছানাবিয়াহ' বিভাগ।
১২. এক বছর মেয়াদী 'দাওরায়ে হাদীছ' বিভাগ।

## শিক্ষাস্তর

**শিক্ষার স্তর ৭টি।**

| | | |
|---|---|---|
| ১. | নার্সারী-শিশু (প্রাক প্রাথমিক) : | ২ বছর। |
| ২. | মক্তব বিভাগ : | ১ বছর। |
| ৩. | হিফয বিভাগ : | ৩ বছর। |
| ৪. | ইবতেদায়ী (প্রাথমিক) : | ৫ বছর। |
| ৫. | মুতাওয়াস্সিতাহ (মাধ্যমিক) : | ৫ বছর। |
| ৬. | ছানাবিয়াহ/আলিম (উচ্চ মাধ্যমিক) : | ২ বছর। |
| ৭. | দাওরায়ে হাদীছ : | ১ বছর। |

**বি. দ্র :** ৯ম-১০ম শ্রেণীতে আলেমিয়াত ও বিজ্ঞান বিভাগ থাকবে।

# মক্তব বিভাগ

### শিক্ষার স্তর : ১ বছর

১. ৩ বার নাযেরাহ ও বিশুদ্ধ তেলাওয়াতসহ ২৯ ও ৩০তম পারা হিফয।
২. সহজ আরবী ক্বায়েদা।
৩. সোনামণিদের মাসনূন দো'আ শিক্ষা
৪. মক্তব দ্বীনিয়াত শিক্ষা (হা. ফা. বা. প্রকাশিত)।
৫. হস্তলিপি (বাংলা, ইংরেজী, উর্দূ ও আরবী) শিক্ষা দান।

# হিফয বিভাগ

### শিক্ষার স্তর : ৩ বছর

১ম বর্ষ : ১০ পারা হিফয।
২য় বর্ষ : ১০ পারা হিফয।

৩য় বর্ষ : ১০ পারা হিফয ও শুনানী।

**বি. দ্র. ১.** শুনানী ছাড়া হিফযের সার্টিফিকেট প্রদান করা হয় না।

২. হিফয শেষে যোগ্যতা অনুযায়ী কিতাব বিভাগে যেকোন শ্রেণীতে ভর্তির সুযোগ রয়েছে।

## ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তির সময়কাল

| | |
|---|---|
| **ভর্তি ফরম বিতরণ** | ২২শে নভেম্বর'২৫ হ'তে ২৩শে ডিসেম্বর'২৫ পর্যন্ত। **ফরমের মূল্য :** ৩০০/-। ভর্তি ফরম ও ভর্তি পরীক্ষার ফলাফল www.amis.edu.bd-এ পাওয়া যাবে। |
| **ভর্তি পরীক্ষা (১ম-৯ম)** | ২৭শে ডিসেম্বর'২৫ শনিবার, সকাল ৯-টা। |
| **ফলাফল প্রকাশ** | ২৮শে ডিসেম্বর'২৫, রবিবার। |
| **ভর্তি (১ম-৯ম)** | ২৮শে ডিসেম্বর'২৫ হ'তে ৬ই জানুয়ারী'২৬ পর্যন্ত। |
| **ভর্তি পরীক্ষা (নার্সারী ও শিশু শ্রেণী)** | ২০ থেকে ২২শে ডিসেম্বর'২৫, সকাল ৯-টা। |
| **ভর্তি (নার্সারী ও শিশু )** | ২০ থেকে ২২শে ডিসেম্বর'২৫, সকাল ৯-টা। |
| **পুরাতন শিক্ষার্থীদের ভতি** | ১৫ই ডিসেম্বর হ'তে ২৪শে ডিসেম্বর'২৫ পর্যন্ত। বি.দ্র. নির্ধারিত সময়ে কোন পুরাতন ছাত্রী ভর্তি না হ'লে তার আসন শূন্য বিবেচনা করতঃ তদস্থলে নতুন ছাত্রী ভর্তি নেওয়া হবে। |
| **ছানাবিয়াহ শ্রেণীতে ভর্তি** | দাখিল পরীক্ষার ফল প্রকাশের ১ সপ্তাহের মধ্যে। |
| **দাওরায়ে হাদীছ বিভাগে ভর্তি** | ছানাবিয়া/আলিম পরীক্ষার ফল প্রকাশের ১ সপ্তাহের মধ্যে। |

## ভর্তির যোগ্যতা

১. পড়াশোনায় আগ্রহী, শৃঙ্খলাপরায়ণ ও নৈতিকভাবে সৎ হতে হবে।

২. কিতাব বিভাগে ৪র্থ শ্রেণী হ'তে ৯ম শ্রেণী পর্যন্ত ভর্তির জন্য লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হ'তে হবে। মক্তব, হিফয ও শিশু থেকে ৩য় শ্রেণী পর্যন্ত আসন সাপেক্ষে মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্দিষ্ট সংখ্যক শিক্ষার্থী ভর্তি করা হবে।

৩. ছানাবিয়াহ/আলিম শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে দাখিল পরীক্ষায় অথবা কওমী মাদরাসা থেকে মুতাওয়াসসিতাহ শ্রেণী উত্তীর্ণের সনদ থাকতে হবে। সেই সাথে জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের পক্ষ থেকে প্রশংসাপত্র জমা দিতে হবে।

৪. দাওরায়ে হাদীছ বিভাগে ভর্তির জন্য ছানাবিয়াহ/আলিম শ্রেণী উত্তীর্ণের সনদ থাকতে হবে।

৫. হিফয বিভাগে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৭ থেকে অনূর্ধ্ব ১০ বছর হবে। নাযেরায় সর্বোচ্চ পর্যবেক্ষণের পর শিক্ষার্থীকে হিফয বিভাগের জন্য নির্বাচন করা হবে। সেইসাথে পুরো কুরআন দু'বার নাযেরা খতম এবং কমপক্ষে ১ পারা কুরআন মুখস্থ থাকতে হবে।

৬. নার্সারী শ্রেণীর ভর্তির বয়স ৪-৫ বছর, শিশু শ্রেণীর ভর্তির বয়স ৫-৬ বছর, প্রথম শ্রেণীর ভর্তির বয়স ৬-৭ বছর এবং মক্তব বিভাগে ভর্তির বয়স ৮ থেকে অনূর্ধ্ব ৯ বছর। পরিস্থিতি বিবেচনায় সর্বোচ্চ ১০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

## প্রয়োজনীয় কাগজপত্র

১. ২ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ছবি, জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও মোবাইল নম্বর জমা দিতে হবে।

২. আবাসিক ছাত্রীদের সাথে সাক্ষাৎ ও আসা-যাওয়ার জন্য দু'জন মাহরামের পাসপোর্ট সাইজের দু'কপি করে স্বাক্ষরিত ছবি জমা দিতে হবে।

৩. অন্য প্রতিষ্ঠান থেকে এসে ভর্তি হ'তে চাইলে তাকে পূর্ববর্তী প্রতিষ্ঠান প্রধানের পক্ষ থেকে ছাড়পত্র (টি.সি.) জমা দিতে হবে।

## ভর্তি পরীক্ষার সিলেবাস

বাংলা, ইংরেজী, গণিত ও আরবী বিষয়ের পরীক্ষা নেওয়া হবে। ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তির জন্য অবশ্যই মীযান, মুনশা'ইব এবং ৭ম শ্রেণী থেকে উপরের ক্লাসগুলোতে ভর্তির জন্য মীযান, মুনশা'ইব ও নাহু তথা আরবী ব্যাকরণ সম্পর্কে অবগতি থাকতে হবে।

## ভর্তি ফী-২০২৬

| শ্রেণী | সেশন চার্জ | মাসিক বেতন | সংস্থাপন ফী | দরিদ্র তহবিল | পাঠাগার ফী | ক্রীড়া ও সংস্কৃতি | ম্যাগা-জিন ফী | বিবিধ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| নার্সারী ও শিশু শ্রেণী | ২০০০/- | ৭০০/- | ৬০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | - | ৩০০/- | **৩৯০০/-** |
| মক্তব ও হিফয | ২০০০/- | ৯০০/- | ৬০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ৩০০/- | **৪২০০/-** |
| ১ম ও ২য় শ্রেণী | ২০০০/- | ৮০০/- | ৬০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | - | ৩০০/- | **৪০০০/-** |
| ৩য়, ৪র্থ, ৫ম ও মা'হাদ-১ | ২০০০/- | ৯০০/- | ৬০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ৩০০/- | **৪২০০/-** |
| ৬ষ্ঠ শ্রেণী | ২০০০/- | ৯৫০/- | ৬০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ৩০০/- | **৪২৫০/-** |
| ৭ম, ৮ম ও মা'হাদ-২ | ২০০০/- | ৯৫০/- | ৬০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ২০০/- | ৩০০/- | **৪৩৫০/-** |
| ৯ম হ'তে ছানাবিয়া /দাওরায়ে হাদীছ | ২০০০/- | ১০০০/- | ৬০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ২০০/- | ৩০০/- | **৪৪০০/-** |

**বি. দ্র. নতুন শিক্ষার্থীদের ক্ষেত্রে উক্ত ফী-এর সাথে ভর্তি ফী বাবদ ১৬০০/- প্রদান করতে হবে। মাসিক বেতন ব্যতীত অন্যান্য ফী ভর্তির সময় শুধুমাত্র একবার দিতে হবে।**

## ২০২৬ সালের মাসিক বোর্ডিং ও ব্যবস্থাপনা ফী

| | |
|---|---|
| বোর্ডিং ফী | ২৫০০/- |
| ব্যবস্থাপনা ও আবাসিক ফী | ৭০০/- |
| মোট | ৩২০০/- |

*** বি. দ্র. বোর্ডিং ফী এর সাথে ব্যবস্থাপনা ও আবাসিক ফী অবশ্যই প্রদান করতে হবে।**

## দৈনন্দিন খাবারের তালিকা

| বার | সকাল | দুপুর | রাত |
|---|---|---|---|
| শনিবার | সবজি খিচুড়ী<br>ভাত+ভর্তা/সবজি | মাছ ঘণ্ট/ডাল ঘণ্ট | ভাজি+ডাল/সবজি |
| রবিবার | ভুনা খিচুড়ী | মাছ+সবজি+ডাল | সবজি |
| সোমবার | ভাত+সবজি/ খিচুড়ী | ডিম+সবজি+ডাল | মাছ ঘণ্ট/ডাল ঘণ্ট |
| মঙ্গলবার | সবজি খিচুড়ী | গরুর গোশত+ডাল | ভাজি+ডাল/সবজি |
| বুধবার | ভাত+সবজি/খিচুড়ী | মাছ+সবজি+ডাল | ভাত + সবজি |

| | | | |
|---|---|---|---|
| বৃহস্পতিবার | ভুনা খিচুড়ী | সবজি/ভর্তা+ডাল | মাছ ঘণ্ট/ডাল ঘণ্ট |
| শুক্রবার | ভর্তা+ভাত/ সবজি | মুরগীর গোশত+ডাল | ডিম+ডাল+সবজি |

**বিঃদ্রঃ** (১) মাসে ১ দিন বিশেষ খাবার দেওয়া হবে।

(২) রুচি পরিবর্তনের জন্য প্রয়োজনে কর্তৃপক্ষ খাদ্য তালিকা পরিবর্তন করতে পারেন।

(৩) দ্রব্যমূল্য অস্বাভাবিক বৃদ্ধি পেলে বোর্ডিং খরচে পরিবর্তন আসতে পারে।

(৪) **মেহমান চার্জ :** ৩০ থেকে ৭০ টাকা পর্যন্ত (মেন্যু অনুযায়ী প্রযোজ্য)।

(৫) **নিয়মিত মাসিক মেহমান চার্জ :** সকাল-৭০০/-; দুপুর -১৫০০/-; রাত: ৯০০/-

## ফী সংক্রান্ত

১. ছাত্রীদের বেতন, বোর্ডিং ও ব্যবস্থাপনা ইত্যাদি সকল প্রকার ফী অভিভাবকগণ প্রতিষ্ঠানের হিসাব বিভাগে নির্ধারিত রসিদ অথবা বিকাশ নম্বর : ০১৩১৮-৯৬৬০০০, ০১৮০৫-৯৫৮৮২৯-এর মাধ্যমে জমা দিবেন। এছাড়া মাদ্রাসার ওয়েবসাইট : www.amis.edu.bd এবং Android App : AMIS-এর মাধ্যমেও জমা করা যাবে।

২. প্রতি মাসের ১০ তারিখের মধ্যে মাসিক বেতন, বোর্ডিং ফী এবং আবাসিক ব্যবস্থাপনা ফী পরিশোধ করতে হবে। উক্ত তারিখ অতিক্রম করলে পরবর্তী ২০ তারিখ পর্যন্ত ২০/- এবং পরবর্তী মাসের ১০ তারিখ পর্যন্ত ৫০/- টাকা বিলম্ব ফী প্রদান করতে হবে।

৩. প্রত্যেক পরীক্ষার পূর্বে পরীক্ষা চলাকালীন মাস সহ পূর্বের যাবতীয় বকেয়া পরিশোধ করতে হবে।

## পোষাক সংক্রান্ত

১. নির্ধারিত পোষাক (ছোটদের জন্য : কালো জুতা, কালো বর্ডার সহ ফিরোযা রংয়ের জামা, পায়জামা ও স্কার্ফ বা ওড়না এবং বড়দের জন্য : কালো জুতা, ফিরোযা রংয়ের বর্ডারসহ কালো রংয়ের বোরক্বা ও ফিরোযা রংয়ের স্কার্ফ বা ওড়না, কালো নেকাব) পরিধান করে ক্লাসে আসবে এবং পোষাক সর্বদা পরিচ্ছন্ন রাখবে।

২. নির্ধারিত পোষাকের রং, ডিজাইন ও সামগ্রিক অভিন্নতা বজায় রাখার লক্ষ্যে বাহির থেকে নিজ উদ্যোগে পোশাক তৈরী করা থেকে বিরত থাকার জন্য বিশেষভাবে আনুরোধ জানানো যাচ্ছে।

## ক্লাস সংক্রান্ত

১. **ক্লাস সময় :** সকাল ৮.৩০ মিনিট হ'তে ১২.৪৫ মিনিট পর্যন্ত (জানুয়ারী-ফেব্রুয়ারী)। ৮টা হ'তে ১২.৪৫ মিনিট পর্যন্ত (মার্চ-নভেম্বর)।

**বি. দ্র :** অতিরিক্ত গরম পরিলক্ষিত হলে ক্লাস সময় সকাল ৭-টা হতে ১১.৪৫ মিনিট পর্যন্ত করা যেতে পারে।

## পরীক্ষা সংক্রান্ত

১. মক্তব, হিফযসহ সকল শ্রেণীতে বছরে দু'টি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

২. যাবতীয় ফী পরিশোধ করে পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

৩. ১০০ নম্বরের পরীক্ষায় পাশ নম্বর ৪০।

৪. ১ম হ'তে ৫ম শ্রেণী পর্যন্ত পরীক্ষার ৩ দিন পূর্বে, ৬ষ্ঠ-১০ম শ্রেণী পর্যন্ত পরীক্ষার ১ সপ্তাহ পূর্বে এবং নির্বাচনী (Test) পরীক্ষার ১০ দিন পূর্বে ক্লাস বিরতি হবে।

৫. কোন শিক্ষার্থী ২ বিষয়ে অকৃতকার্য হ'লে তাকে পরবর্তী শ্রেণীতে উন্নীত করা হবে না।

৬. কোন শিক্ষার্থী একই শ্রেণীতে পর পর ২ বছর অকৃতকার্য হ'লে তাকে প্রতিষ্ঠান থেকে ছাড়পত্র দেয়া হবে।

৭. বার্ষিক পরীক্ষায় 'আখলাক'-এ ৫০ নম্বর যুক্ত হবে।

৮. বার্ষিক পরীক্ষায় প্রত্যেক শ্রেণীর ১ম স্থান অধিকারীদের সম্পূর্ণ বেতন এবং ২য় ও ৩য় স্থান অধিকারীদের অর্ধেক বেতন মওকুফ করা হয়।

## পরীক্ষার সময়সূচী

| ক্রমিক | পরীক্ষার নাম | তারিখ | ফল প্রকাশ |
|---|---|---|---|
| ০১ | অর্ধ-বার্ষিক পরীক্ষা | ৪ঠা জুলাই রবিবার হ'তে ২০শে জুলাই সোমবার | ৯ই আগস্ট রবিবার |
| ০২ | বার্ষিক পরীক্ষা | ২৪শে নভেম্বর মঙ্গলবার হ'তে ১০ই ডিসেম্বর বৃহস্পতিবার | ১৫ই ডিসেম্বর সোমবার |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | হা.ফা.বা বোর্ড বৃত্তি পরীক্ষা | ১৪ ও ১৫ই ডিসেম্বর | ২৯শে ডিসেম্বর মঙ্গলবার |
| ০৪ | নির্বাচনী পরীক্ষা (দাখিল ও আলিম) | বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে | পরীক্ষা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে |

## বার্ষিক ছুটির তালিকা

| ক্রমিক | উপলক্ষ্য | তারিখ ও বার | দিন |
|---|---|---|---|
| ০১ | বার্ষিক তাবলীগী ইজতেমা | বৃহস্পতি ও শনিবার | ০২ দিন |
| ০২ | রামাযান ও ঈদুল ফিৎর | ১৭ই ফেব্রুয়ারী মঙ্গলবার হ'তে ২৬শে মার্চ বৃহস্পতিবার | ৩৮ দিন |
| ০৩ | ইয়াওমুল আরাফাহ ও ঈদুল আযহা | ২৫শে মে সোমবার হ'তে ৪ঠা জুন বৃহস্পতিবার | ১০ দিন |
| ০৪ | অর্ধ-বার্ষিক পরীক্ষা পরবর্তী অবকাশ | ২১শে জুলাই মঙ্গলবার হ'তে ২৩শে জুলাই বৃহস্পতিবার | ০৩ দিন |
| ০৫ | শরৎকালীন ছুটি | ১৯শে সেপ্টেম্বর শনিবার হ'তে ২৪শে সেপ্টেম্বর বৃহস্পতিবার | ০৬ দিন |
| ০৬ | শীতকালীন ছুটি | ১৯শে ডিসেম্বর শনিবার হ'তে ২৪শে ডিসেম্বর বৃহস্পতিবার | ০৬ দিন |
| ০৭ | প্রিন্সিপালের সংরক্ষিত ছুটি | | ০২ দিন |
| ০৮ | মোট | | ৬৭ দিন |

**বি. দ্র.** হিফয ও মক্তব বিভাগের জন্য রামাযান ও ঈদুল ফিতরের ছুটি ২৫শে রামাযান থেকে ২৬শে মার্চ বৃহস্পতিবার এবং শীতকালীন ছুটি ১৯শে ডিসেম্বর শনিবার হ'তে ২৪শে ডিসেম্বর বৃহস্পতিবার পর্যন্ত ৬ দিন।

# নীতিমালা ও আচরণবিধি

## ইবাদত সংক্রান্ত

১. প্রত্যেক শিক্ষার্থী পাঁচ ওয়াক্ত ছালাত জামা'আতের সাথে সংশিষ্ট মসজিদে আদায় করবে। ইক্বামতের কমপক্ষে পাঁচ মিনিট পূর্বে মসজিদে প্রবেশ করবে। সালাম ফিরানোর পর কমপক্ষে তিন মিনিট বসে মাসনূন দো'আ-দরূদ পড়বে। সুন্নাত ছালাত মসজিদে আদায় করবে।

২. সুস্থ অবস্থায় বিনা ওযরে জামা'আতে ছালাত হ'তে বিরত থাকবে না। কোন শিক্ষার্থী ছালাতে অবহেলা করলে একাধিকবার সতর্ক করার পরেও সংশোধন না হ'লে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রয়োজনে তার ভর্তি বাতিল করা হবে।

৩. জুম'আর দিন আবাসিক শিক্ষিকার তত্ত্বাবধানে মারকায মসজিদে গিয়ে জুম'আর ছালাত আদায় করতে পারবে।

৪. অনাবাসিক ছাত্রীরা জামা'আতে ছালাত আদায়ের চেষ্টা করবে। তাদের ছালাতের প্রতি অনীহা প্রমাণিত হ'লে এবং সতর্ক করার পরেও সংশোধন না হ'লে ভর্তি বাতিল করা হবে।

## পোষাক সংক্রান্ত

১. সবসময় শালীন পোষাক পরিধান করবে।

২. বিশেষ প্রয়োজনে বাইরে বের হওয়ার সময় ঢিলাঢালা বোরক্বা পরবে। অল্পবয়সী শিক্ষার্থীরা স্কার্ফ/ওড়না ব্যবহার করবে।

## পরিচ্ছন্নতা

১. নিজ বিছানা, কাপড়-চোপড় ও কক্ষ সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবে। কাগজপত্র ও অন্যান্য আবর্জনা নির্দিষ্ট ডাস্টবিনে ফেলবে।

২. প্রতিষ্ঠানের দেয়ালে বা বেঞ্চে লেখা, দাগ কাটা, ছবি আঁকা ও ময়লা করা থেকে বিরত থাকবে।

৩. দায়িত্ব অনুযায়ী বারান্দা ও টয়লেট সর্বদা পরিষ্কার রাখবে। পানি ও বিদ্যুৎ ব্যবহারে কোনরূপ অপচয় করবে না। 'অপচয়কারীরা শয়তানের ভাই' *(বনু*

*ইস্রাঈল ১৭/২৭)* আয়াতটি এবং 'আল্লাহ নিজে সুন্দর তিনি সৌন্দর্যকে পসন্দ করেন' (*মুসলিম, মিশকাত হা/৫১০৮*) হাদীছটি সর্বদা মনে রাখবে।

৪. কক্ষে লাইট-ফ্যানের ক্ষয়-ক্ষতি ও অপচয় থেকে বিরত থাকবে। বাথরুম-বেসিন পরিষ্কার রাখবে। কক্ষের বারান্দা ঝাড়ু দিবে ও ময়লা নির্দিষ্ট স্থানে/ডাস্টবিনে ফেলবে।

## পারস্পরিক আচরণ

১. ছোটদের প্রতি স্নেহ ও বড়দের প্রতি সম্মান বজায় রেখে বসবাস করবে। সকল শিক্ষিকাকে সমানভাবে শ্রদ্ধা করবে ও তাদের দো'আ নিবে এবং সুযোগমত শিক্ষণীয় বিষয়সমূহ জেনে নিবে।

২. সর্বদা নম্রতা ও শালীনতা বজায় রেখে চলবে। হৈচৈ, চেঁচামেচি, ধাক্কাধাক্কি সহ যেকোন ধরনের উচ্ছৃংখল আচরণ গুরুতর অপরাধ হিসাবে গণ্য হবে।

৩. কোন শিক্ষার্থী বিনা অনুমতিতে অপর শিক্ষার্থীর কোন জিনিস ব্যবহার করবে না। কারো প্রতি কুরুচিপূর্ণ ইঙ্গিত ও ভাষা ব্যবহার করবে না। কোনরূপ শারীরিক ও মানসিক নির্যাতন করবে না। কারো ক্ষতিসাধন করলে বা কারো জিনিস চুরি করলে পূর্ণ ক্ষতিপূরণ সহ দৃষ্টান্তমূলক শাস্তির সম্মুখীন হতে হবে।

৪. কোন বিষয়ে পরস্পরকে উস্কানী দিবে না। গ্রুপিং ও দলাদলি করবে না। প্রতিষ্ঠানের সম্মান ও স্বার্থ হানিকর কোন কাজ করবে না। সর্বদা নেকীর কাজে পরস্পরকে উৎসাহিত করবে এবং গোনাহের কাজ হ'তে বিরত থাকবে।

৫. পরিচালনা কমিটির কোন সদস্য, শিক্ষিকা, অভিভাবক বা কর্মকর্তা ও কর্মচারীর প্রতি অসম্মান প্রদর্শন এবং যে কোন ধরনের বেয়াদবী কঠোর শাস্তিযোগ্য অপরাধ হিসাবে বিবেচিত হবে।

## বিচার ও শাস্তিবিধি

১. আচরণবিধি লঙ্ঘন করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। ছোট-খাট লঙ্ঘনে হোস্টেল বিষয়ে আবাসিক শিক্ষিকা এবং একাডেমিক বিষয়ে শ্রেণী শিক্ষিকা ব্যবস্থা নিবেন। প্রয়োজনে শাখা প্রধান কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন।

২. পরপর দুইবার বিধান অমান্যের কারণে শাস্তির পর তৃতীয়বার তা করলে সেটি 'সাময়িক ভর্তি বাতিলযোগ্য' অপরাধ হিসাবে গণ্য হবে। এমতাবস্থায়

তাকে অভিভাবকের আবেদন ও ১০০/-টাকা জরিমানাসহ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নতুনভাবে ভর্তি ফী দিয়ে ভর্তি হ'তে হবে।

৩. ক্ষমার অযোগ্য গুরুতর অপরাধ করলে তাকে প্রতিষ্ঠান থেকে বাহিষ্কার করা হবে।

## ভর্তি বাতিলযোগ্য অপরাধ

৪. গ্রুপিং বা দলাদলি এবং ক্লাস, অফিস, বোর্ডিংসহ প্রশাসনিক কর্মকাণ্ড ব্যাহত করার কোন প্রকার একক বা দলবদ্ধ প্রচেষ্টা।

৫. প্রতিষ্ঠানের স্থাবর বা অস্থাবর কোন সম্পদ বিনষ্ট করা।

৬. কোন শিক্ষার্থীর উপর বল প্রয়োগ করা বা ভীতি প্রদর্শন বা প্রহার করা।

৭. বিনা অনুমতিতে ও নিয়ম বহির্ভূতভাবে আবাসিকতা পরিত্যাগ করা।

৮. কর্তৃপক্ষের বা প্রতিষ্ঠানের সুনাম নষ্ট হয় এমন কাজ করা।

## হাযিরা ও ছুটিনীতি

১. বিনা ছুটিতে কোন শিক্ষার্থী ক্লাসে বা আবাসিক কক্ষে অনুপস্থিত থাকলে তাকে সতর্ক করা হবে। ২য় বার এরূপ করলে অভিভাবকের মাধ্যমে মুচলেকা দিতে হবে। ৩য় বার এরূপ ঘটলে তা 'সাময়িক ভর্তি বাতিলযোগ্য' অপরাধ হিসাবে গণ্য হবে। এমতাবস্থায় তাকে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে অভিভাবকের আবেদন ও ১০০/- টাকা জরিমানাসহ নতুনভাবে ভর্তি ফী দিয়ে ভর্তি হ'তে হবে।

২. অনাবাসিক কোন শিক্ষার্থী ছুটি নিতে চাইলে অভিভাবকের সুফারিশসহ শ্রেণী শিক্ষিকার মাধ্যমে শাখা প্রধান বরাবর আবেদন করে ছুটি নিশ্চিত করবে। আবাসিক শিক্ষার্থী ছুটি নিতে চাইলে আবাসিক শিক্ষিকার সুফারিশে শ্রেণী শিক্ষিকার মাধ্যমে শাখা প্রধান বরাবর আবেদন করে ছুটি নিশ্চিত করবে। উল্লেখ্য যে, শ্রেণী শিক্ষিকা সর্বোচ্চ দুইদিনের ছুটি শাখা প্রধানের অনুমোদন ছাড়াই নিশ্চিত করতে পারবেন।

৩. কোন শিক্ষার্থী লিখিত অনুমতি ব্যতীত একটানা ১৫ দিন অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৪. প্রতিষ্ঠান খোলা ও বন্ধের দিন অবশ্যই উপস্থিত থাকতে হবে। নাইলে ১ম দিনের জন্য ২০০ টাকা এবং পরবর্তী প্রত্যেক দিনের জন্য ও বিনা ছুটিতে অনুপস্থিত থাকলে ৫০ টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।

## অভিভাবকদের কর্তব্য

১. অভিভাবকগণ সন্তানের শ্রেণী শিক্ষিকাদের সাথে নিয়মিত যোগাযোগ করে তার লেখাপড়ার খোঁজ-খবর রাখবেন ও পরীক্ষার ফলাফল, লেখাপড়ার উন্নতি-অগ্রগতি ও চারিত্রিক অবস্থা পর্যবেক্ষণ করবেন। শিক্ষিকামণ্ডলীর সাথে মেয়ের মাতা/মহিলা অভিভাবক যোগাযোগ করবেন।

২. যে কোন অভিযোগ শাখা প্রধান/প্রশাসনিক কর্মকর্তা বরাবর জানাতে হবে এবং প্রতিষ্ঠানের উন্নতির স্বার্থে অভিভাবকের যে কোন সুপরামর্শ সাদরে গৃহীত হবে।

৩. অভিভাবকগণ আবাসিক শিক্ষার্থীদের সঙ্গে নির্ধারিত সময়ে নির্ধারিত মোবাইলে কথা বলতে পারবেন। বিশেষ প্রয়োজনে সাক্ষাৎ অপরিহার্য হ'লে কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। মহিলা অভিভাবকগণ শারঈ পর্দা সহকারে সাক্ষাৎ করতে আসবেন এবং ওয়েটিং রুমে বসবেন। কোনভাবেই তারা আবাসিক ভবনের ভিতরে প্রবেশ করবেন না। বৈধ অভিভাবক অথবা নির্ধারিত মাহরাম ব্যতীত অন্য কেউ সাক্ষাৎ করতে পারবেন না।

৪. মহিলা অভিভাবকগণ তাদের জন্য নির্ধারিত কক্ষে অবস্থান করবেন। কোনভাবেই মাঠে, চলাচলের রাস্তায়, করিডোরে দাঁড়াবেন না। ক্লাস রুমে যাবেন না।

৫. শিক্ষার্থীদের কক্ষে কোন অভিভাবক অবস্থান করতে পারবেন না।

৬. মাসিক প্রদেয় ফী সমূহ যথাসময়ে প্রদান করবেন।

৭. প্রতিষ্ঠানের নিয়ম-কানূন যথাযথভাবে মেনে চলতে শিক্ষার্থীকে উৎসাহিত করবেন।

৮. কর্তৃপক্ষ কর্তৃক আহুত অভিভাবক সম্মেলন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অংশগ্রহণে করবেন।

# আবাসিক নীতিমালা

## আবাসিক নীতিমালা

১. বিছানা-পত্র, পড়ার ডেস্ক এবং ৬ ফুট দৈর্ঘ্য ও ২.৫ ফুট প্রস্থ বিশিষ্ট চৌকি শিক্ষার্থীরা নিজ দায়িত্বে সংগ্রহ করবে।

২. হোস্টেলে হিটার, কুকার, ল্যাপটপসহ সকল প্রকার ব্যক্তিগত কম্পিউটার ব্যবহার নিষিদ্ধ। এছাড়া কোন বেআইনী বস্তু ও অশ্লীল পত্র-পত্রিকা রাখা যাবে না। কারো নিকটে এরূপ কিছু পাওয়া গেলে তা বাযেয়াফত করা হবে এবং তাকে কঠোর শাস্তি ভোগ করতে হবে। বাযেয়াফত মালামাল ফেরৎ দেয়া হবে না।

৩. হোস্টেলে মোবাইল ফোন, রেডিও, ক্যামেরা, তাস, লুডু, টার্গেট লাইট, গান শোনা বা ভিডিও দেখার ডিভাইস ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। কোন শিক্ষার্থীর নিকটে এগুলো পাওয়া গেলে তাকে বিধি মোতাবেক সর্বোচ্চ শাস্তি প্রদান করা হবে।

৪. টেবিল-চেয়ার ও দরজা-জানালাসহ প্রতিষ্ঠানের স্থাবর-অস্থাবর কোন সম্পদ বিনষ্ট করা সম্পূর্ণরূপে নিষিদ্ধ। এর জন্য যথোপযুক্ত ক্ষতিপূরণ সহ কঠোর শাস্তির সম্মুখীন হ'তে হবে।

৫. আবাসিক কক্ষ নির্ধারণ, সীট বণ্টন, পরিবর্তন ও বাতিলকরণের বিষয়ে বোর্ডিং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। প্রত্যেক শিক্ষার্থী তার জন্য বরাদ্দকৃত কক্ষ ও সীটে অবস্থান করবে। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কেউ নিজ থেকে কক্ষ বা সীট পরিবর্তন করতে পারবে না। রাতে কোন শিক্ষার্থী নিজ বিছানা ব্যতীত অন্যের বিছানায় বা কক্ষে অবস্থান করতে কিংবা রাতযাপন করতে পারবে না।

৬. দায়িত্বরত আবাসিক শিক্ষিকার অনুমতি (আউট পাস) ব্যতীত এবং নির্ধারিত সময় ব্যতীত কোন শিক্ষার্থী ক্যাম্পাসের বাইরে যেতে পারবে না। অহেতুক গল্প-গুজব, নাটক-নভেল পড়া থেকে বিরত থাকবে। রুম ক্যাপ্টেন ও সহকারী ক্যাপ্টেনের নির্দেশনা মেনে চলবে।

৭. ছাত্রীত্ব শেষ হ'লে তার আবাসিকতা আপনা থেকেই বাতিল হয়ে যাবে। এ সময় কক্ষ ত্যাগের জন্য সে সর্বোচ্চ ৭ দিন সময় পাবে। অহেতুক বিলম্ব করলে প্রতিদিনের জন্য নির্দিষ্ট হারে জরিমানা দিতে বাধ্য থাকবে। কক্ষ

ত্যাগ কালে দায়িত্বশীল আবাসিক শিক্ষিকা/ তত্ত্বাবধায়ককে তাঁর উপস্থিতিতে কক্ষ বুঝিয়ে দিতে হবে।

৮. পাবলিক পরীক্ষার পর আবাসিকতা বাতিল হবে। তবে অত্র প্রতিষ্ঠানে পরবর্তী শ্রেণীতে ভর্তি ও আবাসিকতা বহাল রাখতে চাইলে নির্ধারিত আবাসিক ফী প্রদান করতে হবে।

৯. নিজেদের মধ্যে কোন সমস্যা সৃষ্টি হ'লে রুম ক্যাপ্টেন ও সহকারী ক্যাপ্টেনকে তা জানিয়ে মিটিয়ে ফেলবে। সম্ভব না হ'লে সংশ্লিষ্ট আবাসিক শিক্ষিকার কাছে বিচার দিবে। গুরুতর বিষয়াদি আবাসিক শিক্ষিকাগণ 'শৃংখলা কমিটি'র নিকটে পেশ করবেন। অতঃপর তাদের সুফারিশক্রমে শাখা প্রধান চূড়ান্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

১০. রাত্রি ১১-টায় সকল আবাসিক কক্ষের লাইট বন্ধ করতে হবে। কারো একান্ত যরূরী পড়াশুনা থাকলে পৃথক 'পাঠ কক্ষে/মসজিদে' পড়বে। বাদ ফজর ঘুমানো নিষিদ্ধ। দুপুরে খাওয়ার পর ১-ঘণ্টা বিশ্রাম নিবে।

১১. কেউ তার অভিভাবক বা অতিথিকে রাত্রে নিজেদের কক্ষে রাখতে পারবে না। প্রয়োজনে বোর্ডিং কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে মেহমানখানায় থাকার ব্যবস্থা করবে। নির্ধারিত মেহমান চার্জের বিনিময়ে হোস্টেলের ডাইনিংয়ে তাদের খাবার গ্রহণের ব্যবস্থা করা যাবে।

১২. অনাবাসিক কোন শিক্ষার্থী আবাসিক শিক্ষিকার বিনা অনুমতিতে হোস্টেলে অবস্থান করতে পারবে না।

১৩. বাহিরে কোচিং/প্রাইভেট সম্পূর্ণরূপে নিষিদ্ধ। মাদ্রাসার নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত কোচিং ক্লাসে অংশগ্রহণ করতে পারবে।

১৪. কোন অভিভাবিকা আবাসিকে প্রবেশের সময় তাদের মোবাইল সংশ্লিষ্ট দায়িত্বশীলের নিকট জমা রাখবেন।

## ডাইনিং সংক্রান্ত

১. শারঈ নীতি অনুযায়ী শান্তভাবে সর্বোচ্চ ভদ্রতা বজায় রেখে খাদ্য গ্রহণ করবে।

২. সর্বদা ডাইনিং কক্ষে খাবে। নিতান্ত ওযরবশতঃ কক্ষে খাবার নিতে হ'লে ডাইনিং কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নিতে পারবে।

৩. খাওয়ার পর সুন্নাতী তরীকায় প্লেট চেটে খাবে। নিজের প্লেট নিজে ছাফ করবে। কোনভাবেই খাদ্য ও পানির অপচয় করা যাবে না। বিনা কারণে খাবার অপচয় করা শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হবে।

৪. খাদ্যমান নিয়ে কোন অভিযোগ থাকলে তা শাখা প্রধান বা সেক্রেটারীর নিকটে পেশ করবে। দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারীর সাথে এ ব্যাপারে কোনরূপ দাবী পেশ বা অসদাচরণ করা যাবে না।

৫. খাবার প্লেট ও গ্লাস নিজ দায়িত্বে সংগ্রহ করবে।

## আবাসিক/অনাবাসিক হওয়ার নীতি

বছরে দু'বার (১-২৮শে ফেব্রুয়ারী এবং ১-৩১শে জুলাই) আবাসিক বা অনাবাসিক হওয়ার আবেদন করা যাবে। অনাবাসিক থেকে আবাসিক হ'তে চাইলে সিট থাকা সাপেক্ষে আবেদন গৃহীত হবে। আর আবাসিক থেকে অনাবাসিক ফেব্রুয়ারী মাসে হ'তে চাইলে জুন পর্যন্ত এবং জুলাই মাসে হ'তে চাইলে ডিসেম্বর পর্যন্ত ব্যবস্থাপনা ফী পরিশোধ করতে হবে।

## যোগাযোগ নীতি

**আবাসিক ছাত্রীদের মোবাইলে কথা বলার সময়সূচী :**

| | শনিবার | রবিবার | সোমবার | মঙ্গলবার | বুধবার | বৃহস্পতিবার | | শুক্রবার | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| মোবাইল নম্বর | বিকাল (বাদ আছর থেকে মাগরিবের পূর্ব পর্যন্ত) | | | | | সকাল ১০.৩০ -১২.০০ | বিকাল (বাদ আছর) | সকাল ৮.৩০- ১১.৩০ | বিকাল (বাদ আছর) |
| ০১৯৪৬৩০২৮০৪<br>০১৮০৫৪৫৬৩৫৬ | ২০২<br>২০৩ | ২০৪<br>২০৫ | ২০৬<br>২০৭ | ৩০১<br>৩০২ | ৩০৩<br>৩০৪ | ২০২<br>২০৩ | ২০৪<br>২০৫ | ২০৬<br>২০৭<br>৩০১ | ৩০২<br>৩০৩<br>৩০৪ |
| ০১৩২১০৫৮২৯১<br>০১৩২১০৫৮২৯২ | ৩০৫<br>৩০৬ | ৩০৭<br>৪০২ | ৪০৩<br>৪১৪ | ৪০৪<br>৪১৩ | ৪০৫<br>৪১২ | ৪০২<br>৪০৩ | ৪০৪<br>৪০৫ | ৩০৫<br>৩০৬<br>৩০৭ | ৪১২<br>৪১৩<br>৪১৪ |
| ০১৩২৬০৪০৭৯০<br>০১৩২৬০৪০৭৯১ | ৪০৬<br>৪০৭ | ৪০৮<br>৪০৯ | ৪১০<br>৪১১ | ৫০২<br>৫০৩ | ৫০৪<br>৫০৫ | ৫০২<br>৫০৩ | ৫০৪<br>৫০৫ | ৪০৬<br>৪০৭<br>৪০৮ | ৪০৯<br>৪১০<br>৪১১ |
| ০১৭০৪৬৪৭০০৯<br>০১৭৭০২৮৮১৫৩ | ৫০১<br>৫১৪ | ৫১২<br>৫১৩ | ৫১০<br>৫১১ | ৫০৬<br>৫০৭ | ৫০৮<br>৫০৯ | ৫০১<br>৫১৪ | ৫০৬<br>৫০৭ | ৫০৮<br>৫০৯<br>৫১০ | ৫১১<br>৫১২<br>৫১৩ |
| আবাসিক বিভাগে সার্বিক যোগাযোগ : ০১৮০৫-৯৫৮৮২৭ | | | | | | | | | |

❁❁❁❁❁

سبحانك اللهم وبحمدك أشهد أن لآ إله إلا أنت أستغفرك وأتوب إليك–